# আরটিআই অনলাইন ট্র্যাকিং সিস্টেম

## ব্যবহারবিধি (আপীল কর্তৃপক্ষের জন্য)

আরটিআই বাংলাদেশ

**প্রথম ধাপঃ** আপনি যে কোন ওয়েব ব্রাউজারের (মোজিলা, গুগল ক্রোম, ইন্টারনেট এক্সপ্লোরার ইত্যাদি) মাধ্যমে এই সাইটটি ব্যবহার করতে পারবেন। যেকোন একটি ওয়েব ব্রাউজারে গিয়ে rtitracking.infocom.gov.bd এই লিংকটির মাধ্যমে সাইটে প্রবেশ করুন। অথবা তথ্য কমিশনের ওয়েবসাইট (infocom.gov.bd) থেকেও সরাসরি এই ওয়েবসাইটে প্রবেশ করার লিংক পাবেন।

**দ্বিতীয় ধাপঃ** আপনি সিস্টেমটি বাংলা এবং ইংরেজী এই দুই ভাষাতে ব্যবহার করতে পারবেন। মূলপাতার উপরে ডানপাশে বাংলা ও ইংরেজি লেখা বাটনে ক্লিক করার মাধ্যমে আপনার কাঙ্ক্ষিত ভাষাটি নির্বাচন করুন।

**তৃতীয় ধাপঃ** ওয়েবসাইটের ‘নিবন্ধন’ বাটনে ক্লিক করলে আপনি ড্রপ-ডাউনে চারটি অপশন দেখতে পারবেন। অপশনগুলোর মধ্য থেকে ‘আপীল কর্তৃপক্ষ’ এর উপর ক্লিক করলে আপীল কর্তৃপক্ষের নিবন্ধনের পৃষ্ঠাটি দেখতে পাবেন। (চিত্র: ১)




চিত্র: ১ (আপীল কর্তৃপক্ষের নিবন্ধন)

আপীল কর্তৃপক্ষের নিবন্ধনের পৃষ্ঠাটিতে দুইটি অংশ রয়েছে। পৃষ্ঠাটি যেভাবে পূরণ করবেন তা নিচে দেয়া হল-

**আপীল কর্তৃপক্ষের ব্যক্তিগত তথ্য**

- সম্পূর্ণ নাম লিখুন।
- মোবাইল নম্বর লিখুন।
- ই-মেইল অ্যাড্রেস লিখুন।
- জাতীয় পরিচয়পত্র নম্বর লিখুন।
- সুবিধামত ‘ইউজারনেম’ লিখুন।
- সুবিধামত ‘পাসওয়ার্ড’ লিখুন।
- ‘পাসওয়ার্ড’ নিশ্চিত করার জন্য আবার ‘পাসওয়ার্ড’ লিখুন।


**আপীল কর্তৃপক্ষের অফিসিয়াল তথ্য**

- ড্রপ-ডাউন থেকে আপনার অফিসের ঠিকানা চিহ্নিত করুন।
- ড্রপ-ডাউন থেকে অফিসের নাম চিহ্নিত করুন।
- আপনার ‘অফিস পদবী’ লিখুন।
- ‘তৈরি করুন’ বাটনে ক্লিক করুন।

যদি অফিসটি সিস্টেমে তৈরী করা না হয়ে থাকে তবে ড্রপ-ডাউন থেকে ‘অফিস তৈরী করুন’ অপশনে ক্লিক করুন এবং অফিসটি তৈরি করুন। এরপর এডমিন আপনার প্রোফাইলটির অনুমোদন দিবেন। প্রোফাইলটি অনুমোদিত হলে একটি এসএমএস ও ই-মেইলের মাধ্যমে আপনাকে জানানো হবে।


**চতুর্থ ধাপঃ** নিবন্ধনের পর আপনি যেকোন সময় আপনার ইউজারনেম ও পাসওয়ার্ড ব্যবহার করে সিস্টেমে লগ ইন করতে পারবেন। সিস্টেমে লগ ইন করতে মূলপাতার ডানপাশে উপরের লগ ইন বাটনে ক্লিক করুন। আপনার ইউজারনেম ও পাসওয়ার্ডটি লিখুন। আপনার ইউজারনেম ও পাসওয়ার্ডটি লিখুন এবং লগ ইন করুন। তবে কোন কারণে পাসওয়ার্ড ভুলে গেলে ‘পাসওয়ার্ড ভুলে গেছেন’ বাটনে ক্লিক করুন। এরপর আপনার ই-মেইল অথবা মোবাইল নম্বর লিখুন এবং ‘অ্যাকাউন্টটি খুঁজুন’ বাটনে ক্লিক করুন।

**পঞ্চম ধাপঃ** আপীল কর্তৃপক্ষ হিসেবে আপনি আরটিআই অনলাইন ট্র্যাকিং সিস্টেমে লগ ইন করার মাধ্যমে আপনার ড্যাশবোর্ড ব্যবহার করতে পারবেন। (চিত্র: ২)




চিত্র: ২ (আপীল কর্তৃপক্ষের ড্যাশবোর্ড)

এই ড্যাশবোর্ডে আপনি ‘প্রোফাইল’, ‘আপীল আবেদন’ অপশন দুইটি পাবেন। ‘প্রোফাইল’ বাটনে ক্লিক করে আপনি আপনার প্রোফাইল এডিট করতে পারবেন। আপনার অ্যাকাউন্টের পাসওয়ার্ড পরিবর্তন করতে পারবেন। ‘আপীল আবেদন’ বাটনে ক্লিক করে আপনি আপনার কাছে যেসব আপীল জমা পড়েছে তার বিস্তারিত দেখতে পারবেন। ড্যাশবোর্ডের উপরে ‘অনুসন্ধান’ বাক্সে আপনার কাছে আসা যেকোন আপীল খুঁজতে পারবেন। এর নিচের অংশে আপনি আপনার কাছে যত গুলো আপীল জমা হয়েছে তার সংখ্যা দেখতে পারবেন। এবং এরপর সবগুলো আপীলের একটি তালিকা দেখতে পারবেন। এই তালিকা থেকে আপনি প্রতিটি আপীলের বিস্তারিত পৃষ্ঠায় গিয়ে আপীলের জবাব দিতে পারবেন। (চিত্র: ৩) ড্যাশবোর্ডের ডানপাশে আপনি লগ আউট করার অপশন পাবেন।




চিত্র: ৩ (আবেদনের বিস্তারিত)

**অন্যান্যঃ** আরটিআই অনলাইন ট্র্যাকিং সিস্টেমের ডান পাশে উপরের দিকে একটি বার্গার মেন্যু (চিত্র: ৪) আছে।




চিত্র: ৪ (বার্গার মেন্যু)

# আরটিআই অনলাইন ট্র্যাকিং সিস্টেম

## ব্যবহারবিধি (আপীল কর্তৃপক্ষের জন্য)

আরটিআই বাংলাদেশ

এই মেন্যুতে ৮টি অপশন দেয়া আছে। ব্যবহারকারী এই মেন্যুবার থেকে তার পছন্দ অনুযায়ী যেকোন অপশন ক্লিক করে ব্যবহার করতে পারবেন। মেন্যুবারের অপশন গুলো হল-

- আবেদন (ব্যবহারকারী এই অপশনটিতে ক্লিক করে আবেদন করতে পারবেন)
- অভিযোগ (ব্যবহারকারী এই অপশনটিতে ক্লিক করে তথ্য কমিশনে অভিযোগ করতে পারবেন)
- কর্তৃপক্ষের তালিকা (ব্যবহারকারী এই অপশনটিতে ক্লিক করে কর্তৃপক্ষের তালিকা দেখতে পারবেন)
- আরটিআই ফর্ম (ব্যবহারকারী এই অপশনটিতে ক্লিক করে তথ্য অধিকার আইন সম্পর্কিত বিভিন্ন ম্যানুয়াল ফরম দেখতে পারবেন এবং ডাউনলোড করতে পারবেন)
- আরটিআই আইন (ব্যবহারকারী এই অপশনটিতে ক্লিক করে তথ্য অধিকার আইন, ২০০৯ এর গেজেট দেখতে পারবেন এবং ডাউনলোড করতে পারবেন)
- ব্যবহার বিধি (ব্যবহারকারী এই অপশনটিতে ক্লিক করে কিভাবে এই ওয়েবসাইটটি ব্যবহার করবেন তা জানতে পারবেন)
- সাধারণ জিজ্ঞাসা (ব্যবহারকারী এই অপশনটিতে ক্লিক করে আরটিআই অনলাইন ট্র্যাকিং সিস্টেম বিষয়ক বিভিন্ন প্রশ্ন ও তার উত্তর জানতে পারবেন)

আরটিআই অনলাইন ট্র্যাকিং সিস্টেমের নিচের অংশে ‘সাইটম্যাপ’, ‘আমাদের কথা’, ‘যোগাযোগ’, ‘মতামত’ অপশনগুলো রয়েছে।

- সাইটম্যাপ (ব্যবহারকারী এই অপশনটিতে ক্লিক করে ওয়েবসাইটের কি কি ফিচারস রয়েছে তা জানতে পারবেন এবং এর পাশে কিছু লিংক পাবেন যা ক্লিক করে এই ফিচারস গুলোতে যেতে পারবেন)
- আমাদের কথা (ব্যবহারকারী এই অপশনটিতে ক্লিক করে ওয়েবসাইটটি সম্পর্কে বিস্তারিত জানতে পারবেন)
- যোগাযোগ (ব্যবহারকারী এই অপশনটিতে ক্লিক করে আরটিআই ওটিএস সম্পর্কিত যেকোন সমস্যা সমাধানের জন্য ফোন বা ইমেইলের মাধ্যমে যোগাযোগ করতে পারবেন)
- মতামত (ব্যবহারকারী এই অপশনটিতে ক্লিক করে আরটিআই অনলাইন ট্র্যাকিং সিস্টেম সম্পর্কে তার নিজস্ব মতামত, জিজ্ঞাসা, অভিযোগ, পরামর্শ শেয়ার করতে পারবেন)

**ধন্যবাদ।**